

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা
www.masscommunication.gov.bd

নং- ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পাট-১) / ২৫২৩

তারিখ: ২২.১০.২০২০


বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত অক্টোবর-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে অক্টোবর-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্তু।


২২/১০/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৮৩০০৬৪০

dgmsscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ:

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

✓ ০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (জনমত প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অক্টোবর-২০২০ (১ম পক্ষ)

● জনমত শিরোনাম

— করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ

— ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর-২০২০ পর্যন্ত ২২ দিনের জন্য সরকার কর্তৃক মা ইলিশ ধরা বন্ধ ঘোষণা করা হয়েছে। ইলিশের উৎপাদন বৃদ্ধিতে এটিকে কার্যকর পদক্ষেপ বলে অভিহিত করেছে সাধারণ জনগণ

— আলু, পিঁয়াজ, ডিমসহ নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ



☐ করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ।

• করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক হ্রাস পেয়েছে এবং স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। জনসাধারণ সামাজিক দূরত্ব বজায় রাখছে এবং ঘরের বাহিরে মাস্ক পরিধান করে তাদের দৈনন্দিন কাজকর্ম সম্পন্ন করছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

☐ ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর-২০২০ পর্যন্ত ২২ দিনের জন্য সরকার কর্তৃক মা ইলিশ ধরা বন্ধ ঘোষণা করা হয়েছে। ইলিশের উৎপাদন বৃদ্ধিতে এটিকে কার্যকর পদক্ষেপ বলে অভিহিত করেছে সাধারণ জনগণ।

• সরকার ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিগত কয়েক বছরের ন্যায় এ বছরও ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর-২০২০ পর্যন্ত দেশের সকল নদ-নদীতে ইলিশ মাছ ধরা নিষিদ্ধ রেখেছে। সরকার কর্তৃক গৃহীত এ পদক্ষেপ জনগণের মাঝে ইতিবাচক মনোভাব তৈরি করেছে। জেলেদের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত সাহায্য যাতে সবাই পায় সেদিকে লক্ষ্য রাখার প্রত্যাশা করা হয়েছে।

☐ আলু, পিঁয়াজ, ডিমসহ নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা।

• বন্যার কারণে বাজারে সবজির সরবরাহ কমেছে এবং দামও কিছুটা বেড়েছে। মাছ-মাংস এবং চালের দাম স্বাভাবিক রয়েছে। তবে ডিম, আলু, পিঁয়াজ ইত্যাদি পণ্যের দাম বেড়েছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য সরকারের প্রতি জোর দাবি জানিয়েছে ভোক্তাসাধারণ।



☐ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

• দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। এছাড়া জঙ্গিবাদ ও সন্ত্রাস দমন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং সহিংসতা ও নাশকতা প্রতিরোধের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া সীমান্তবর্তী এলাকায় মাদকদ্রব্যের চোরাচালান বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা অব্যাহত রাখা প্রয়োজন বলে জনগণ অভিমত প্রকাশ করেছে।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা



শুকলা বনিক
অধ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আকতার হোসেন
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়